গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর

## উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তানভীর আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বীরগঞ্জ, দিনাজপুর
তারিখ ও সময় : ২৩/০৪/২০২৫খ্রি., সকাল ১১:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সভাকে অনুরোধ জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

**১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিষদের গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সদস্যের কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া গেল না। | গত সভার কার্যবিবরণীটি উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তে অনুমোদিত হলো। | প্রশাসক, সংশ্লিষ্ট কমিটি এবং দপ্তর প্রধানগণ। |

**২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভাকে জানান যে, বহিবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬৩৩৯ জন; অন্তঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬১০ জন; জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৮৬৬ জন; ৩৫টি কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৯৪৩৫ জন; নরমাল ডেলিভারীর সংখ্যা ৩৮ জন; নিউমোনিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১১ জন; ডায়রিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৪৭ জন এবং অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে বেড অকুপেন্সী রেট (৫০ শয্যা) ৯৮.২২%। UHC ঔষধ সরবরাহ সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে খরিপ-১ মৌসুম চলমান। শাকসবজি- ১০৫০ হেক্টর, ভূট্টা- ১৫২৫ হেক্টর, মুগডাল-১৫ হে., আদা-২৯ হে, চিনাবাদাম-১৭৭ হে, হলুদ-৫১ হে. পাট- ২৫০ হে., তিল-১ হে. এবং মরিচ-৩০ হে.। রবি মৌসুমের বিভিন্ন ফসলের কর্তন শাক-সবাজি কর্তন- ২০২৫ হেক্টর গড় ফলন-২৫.১ মে টন, মোট উৎপাদন-৫০৩২৫ মে. টন, গম কর্তন- ৩৫৬ হেক্টর গড় ফলন- ৩.৭ মে. টন গগমের মোট উৎপাদন- ১৩১৭ মে. টন, পেয়াজ কর্তন- ১৫০, গড় ফলন- ১০.২৫ মে. টন, মোট উৎপাদন- ১২৮১ মে. টন, রসুন কর্তন-২০৩ গড় ফলন- ১০.২ মে. টন, রসুন কর্তন- ২০৩ গড় ফলন- ১০.২ মে. টন, মোট উৎপাদন- ২০৭০ মে. টন। ভূট্টা কর্তন- ৪১৫, গড় ফলন-১২ মে. টন, মোট উৎপাদন- ৪৯৮০ মে. টন, কর্তন চলমান। চলতি আউশ আবাদের লক্ষমাত্রা- ১৭৯০ হে. (উফশী বীজতলা-৭৮ হে. হাইব্রিড বীজতলা-৪ হে, মোট-৮২ হে.। অর্জিত আউশ আবাদ- ১২২৫ হে.। বোরো ধানের পর্যায়- বুটিং-৫৭% (৮৩৮০ হে.), ফ্লাওয়ারিং- ৩৫% (৫১৪৫ হে.) সফটডাব- ৭% (১০৪৮ হে.) ও হার্ড ডাব- ১% (১৫০ হে.), মোট বোরো আবাদ হয়েছে ১৪৭ হে.। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি: ইউরিয়া- ৪০৪ মে. টন, টিএসপি-৬২.৮ মে. টন, ডিএপি- | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি কর্মকর্তা |

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ৫৮.৬ মে. টন ও এমওপি-২৪৩ মে. টন মজুদ রয়েছে। সারের কোন সংকট নেই। | | |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকৌশলী |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মার্চ/২০২৫ মাসে স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) গ্রহণকারীর সংখ্যা ৩১ জন, আই ইউ ডি গ্রহণকারীর সংখ্যা ১৬ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারীর সংখ্যা ২০১ জন, বড়ি খাওয়ার সংখ্যা ১২৩ জন, কনডম গ্রহণকারীর সংখ্যা ৫১ জন, ইনজেকশন গ্রহণকারীর সংখ্যা ১৩৪ জন, গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে ৬৪২ জন, ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ০০ জন, প্রসোবত্তর সেবা ১৭৩ জন, শিশু সেবা (০-১৫ মাস বয়সী) ৩৫৭৮ জন, কিশোর-কিশোরী রোগীর সেবা- ৩২৫৩ জন, সাধারণ রোগীর সেবা (পুরুষ ও মহিলা) ৩৭৬ জন এবং পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) ৩৩১৬ জন। তিনি জানান সক্ষম দম্পত্তির সংখ্যা ৭৬১১৬ জন, গ্রহণকারীর সংখ্যা ৬২৮৮৮ জন, সিএআর গ্রহণকারীর হার ৮২.৬২% এবং গর্ভবর্তীর সংখ্যা ২০১৯ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, ২৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান ও সহকারী শিক্ষকের অনুমোদিত পদ ১৩৯২ জন এর মধ্যে কর্মরত আছেন ১২২২ জন। ১২২২ জন শিক্ষকের মার্চ/২০২৫ মাসের বেতন ভাতা ইএফটির মাধ্যমে যথাসময়ে পরিশোধ করা হয়েছে। ২৫ মার্চ, ২০২৫ গণহত্যা দিবস ও ২৬ মার্চ, ২০২৫ মহান স্বাধীনতা দিবস বিদ্যালয় পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃক সময় সময় চাহিত তথ্য যথাসময়ে প্রেরণ করা হয়েছে। পবিত্র মাহে রমজান ও ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বিদ্যালয়ের কার্যক্রম বন্ধ ছিল। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিস যুক্ত গণমিলনায়তন কেন্দ্রটি উপজেলা পরিষদের জায়গার মধ্যে নির্মিত। ১৯৯০ সনের উপজেলা পরিষদ কর্তৃক বরাদ্দকৃত ১০শতক জমি যার দাগ নম্বর-১১৬৮, খতিয়ান নম্বর-০৯, মৌজা- সুজালপুর, উপজেলা-বীরগঞ্জ, জেলা- দিনাজপুর, এটির কার্যবিবরণীর কপি জেলা সমাজসেবা কার্যালয় ও সমাজসেবা অধিদফতরে প্রেরণের নির্দেশনা রয়েছে। জমি প্রদানের কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে ১০শতক জমি প্রদানের সিদ্ধান্তটি অনুমোদন করা হয়। কার্যবিবরণী সংরক্ষণের জন্য বলা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

CS CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | জন্য অনুরোধ করা হলো | |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, ২০২৫-২৬ চক্রের ভিডব্লিউবি চক্রের সার্ভার খোলা না থাকায় নির্বাচন প্রক্রিয়া শুরু করা যায়নি। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় মার্চ/২৫ মাস পর্যন্ত উপকারভোগী নির্বাচন কার্যক্রম সার্ভার বন্ধ থাকায় নির্বাচন প্রক্রিয়া স্থগিত রয়েছে। ইউনিয়ন পর্যায়ে পরিবার কল্যাণ সহকারী ও স্বাস্থ্য সহকারীদের মাধ্যমে উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভাসহ ১২টি ক্লাবের কার্যক্রম বর্তমানে চলমান। বাল্যবিবাহ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সচেতনতাবৃদ্ধিমূলক কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রতিনিধি জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমবায় কর্মকর্তা |
| সামাজিক বনায়ন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ণ জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস, বীরগঞ্জ দিনাজপুর জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস |
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বীরগঞ্জ দিনাজপুর অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণসহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| বিএমডিএ বিভাগ | সভায় সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার |

৩। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| বর্তমান সভায় আলোচনাযোগ্য নতুন কোন সরকারি বিধি-বিধান বা নির্দেশনা পাওয়া যায়নি। | - | - |

CamScanner

৪। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা।

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নে</th></tr>
<tr><td>১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২২/০৪/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে = ৪৮,৫৩,৫৫৩/৩১ টাকা এবং উন্নয়ন তহবিলে = ১,৩১,৫০,৩৯৭/৪১ টাকা স্থিতি রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সম্পাদন করা হয়েছে।
<table>
<tr><th>ক্র:নং</th><th>ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>২০২৪-২৫ অর্থ বছরের পৌরকর পরিশোধ বাবদ ব্যয়</td><td>৪,৫৫,২৭২/-</td></tr>
<tr><td>২</td><td>দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত মালির উৎসব ভাতা বাবদ ব্যয়</td><td>১৬,৫০০/-</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা পরিষদের সাধারণ সভা ও কার্যালয়ের মার্চ/২০২৫ মাসের আপ্যায়ন ব্যয়</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা পরিষদ কার্যালয়ের মার্চ/২০২৫ মাসের আনুষাঙ্গিক ব্যয়</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা পরিষদের পানির পাম্প ক্রয় বাবদ ব্যয়</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত মালি ও পরিচ্ছন্নকর্মীর মার্চ/২০২৫ মাসের মজুরী বাবদ ব্যয়</td><td>৩৩,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>উপজেলা পরিষদ নিরাপত্তা আনসার সদস্যের মার্চ/২০২৫ মাসের ভাতা বাবদ ব্যয়</td><td>৮,৩০০/-</td></tr>
<tr><td>৮</td><td>মার্চ/২০২৫ মাসের উপজেলা পরিষদের মোইন মিটার ও অফিস কার্যালয়ের বিদ্যুৎ বিল বাবদ ব্যয়</td><td>২৪,৮৮৯/-</td></tr>
</table></td><td>উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয়সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার।</td></tr>
</table>

৫। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ সম্পর্কে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| নিরাপদ খাদ্য সরবরাহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখা এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে সংশ্লিষ্টসকলকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট জনপ্রতিনিধি; বণিক সমিতি; স্যানিটারী ইন্সপেক্টর |

৬। মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সম্পর্কে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| মাদকের ক্ষতিকর দিকগুলো তুলে ধরে সামাজিক আন্দোলনের মাধ্যমে মাদককে নির্মূল করতে হবে। এ ব্যাপারে সরকারি, বেসরকারি, এনজিওসহ সকল জনপ্রতিনিধিগণকে মাদক বিরোধী প্রচার-প্রচারণাসহ কার্যকরী ভূমিকা পালন করতে হবে। | মাদকবিরোধী প্রচার-প্রচারণাসহ মাদক নিয়ন্ত্রণ করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সকল জনপ্রতিনিধি, প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা কমিটি। |

৭। ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট সম্পর্কে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের বীরগঞ্জ উপজেলা পরিষদের খসড়া বাজেট পেশ করেন (পরিশিষ্ট-গ)। বাজেটের বিষয়ে কোন পরামর্শ বা অভিযোগ থাকলে তা আগামী সভার পূর্বে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট পরীক্ষা-নিরীক্ষান্তে পরবর্তী সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার। |

৮। বিবিধ

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ক) সভায় সভাপতি জানান যে, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর হতে ২২/০৪/২০২৫খ্রি. তারিখের উঃস্বাঃকম/বীর/দিন/২৫/৪৭১ নং স্মারকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১) প্যাথলজি বিভাগে বিভিন্ন রিয়েজেন্ট ও আনুসাংগিক জিনিসপত্র ০১ (এক) মাসের জন্য ২) এক্স-রে বিভাগে ডিজিটাল এক্স-রে ফিল্ম ৩) ইসিজি পেপার ইত্যাদি ক্রয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সরবরাহের জন্য অনুরোধ করেছেন। যার আনুমানিক মূল্য ১,১৪,২৮৫/- টাকা।<br>খ) সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, প্রকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ও জরুরী প্রয়োজনে আর্থিক সাহায্যের | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের (অপ্রত্যাশিত খাত) হতে বিশেষ জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় নিম্নবর্ণিত হারে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>১) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মালামাল সরবরাহের জন্য ৫০,০০০/- টাকা। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর |



CamScanner

<table>
<tr>
<td>জন্য নিম্নবর্ণিত ব্যক্তিদের নিকট হতে আবেদন পাওয়া গেছে।
<table>
<tr><td>ক্র: নং</td><td>আবেদনকারী নাম ও ঠিকানা</td><td>আবেদনের বিষয়</td></tr>
<tr><td>০১</td><td>মোছাঃ বেগম আক্তার<br>পিতা- মৃত সফির উদ্দিন, নওপাড়া, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>প্রকৃতিক দুর্যোগ</td></tr>
<tr><td>০২</td><td>জনাব বিষ্ণু চন্দ্র সেন<br>পিতা- নারায়ন চন্দ্র সেন, আরাজী লক্ষ্মা, দেউলী, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>আগুনে ঘরবাড়ি পুড়ে যাওয়া</td></tr>
</table>
উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের (অপ্রত্যাশিত খাত) হতে ব্যয় করা যেতে পারে।</td>
<td>২। মোছাঃ বেগম আক্তার- ১৩,০০০/- টাকা প্রদান।<br>৩) জনাব বিষ্ণু চন্দ্র সেন- ২০,০০০/- টাকা প্রদান।</td>
<td></td>
</tr>
<tr>
<td>গ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগে, উপজেলা-২ শাখা, ঢাকা এর ২৯/০৪/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১০.০০৪.২৩ (অংশ-১)-৮৩৬ নং স্মারক পত্রে চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে "উপজেলা উন্নয়ন সহায়তা" খাতের "অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ" উপখাত হতে উপজেলার পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য ৫৩.০০ লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরি পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দটি ১টি প্যাকেজ হিসেবে LTM পদ্ধতিতে e-GP এর মাধ্যমে নিম্নোক্তভাবে টেন্ডার আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।
<table>
<tr><td>Package No.</td><td>Name of Package</td><td>Estimated Cost (BDT)</td><td>Method</td></tr>
<tr><td>e-Tender/ADP/DIN/BIR/24-25/W-18</td><td>Construction of Public Library at Birganj Upazila in Dinajpur District.</td><td>5300000.000</td><td>LTM</td></tr>
</table></td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে "Construction of Public Library at Birganj Upazila in Dinajpur District" (e-Tender/ADP/DIN/BIR/24-25/W-18) প্যাকেজটি LTM পদ্ধতিতে e-GP এর মাধ্যমে টেন্ডার আহবানের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হলো।</td>
<td>প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, বীরগঞ্জ, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>ঘ) সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিষদ কার্যালয়ের ০২টি টেবিল, ০৩টি ভিজিটর চেয়ার, ০১টি আলমিরাহ, ০১টি অ্যাংগেলের রেক, ০১টি সুইভেল চেয়ার, ০১টি ফাইল কেবিনেট ক্রয় এবং কিছু আসবাপত্র মেরামত প্রয়োজন।</td>
<td>সভায় উল্লিখিত উপজেলা পরিষদ কার্যালয়ের ০২টি টেবিল, ০৩টি ভিজিটর চেয়ার, ০১টি আলমিরাহ, ০১টি অ্যাংগেলের রেক, ০১টি সুইভেল চেয়ার, ০১টি ফাইল কেবিনেট ক্রয় এবং আসবাপত্র মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো।</td>
<td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বীরগঞ্জ, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>ঙ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ চত্বরে মরা ও ঝড়েপড়া অবস্থায় ০১টি আমগাছ, ০১টি কাঁঠলগাছ ও ০১টি কৃষ্ণচুড়া গাছ রয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ বিক্রয় বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন, উপ-২ শাখার ১৫/০৮/২০০৭ তারিখের উপ-২/৪পি-১১৪/২০০৫/৩৮৪ নং স্মারক পরিপত্রে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির ০৪নং ক্রমিকে উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি কর্তৃক ০১ জন ইউপি চেয়ারম্যান মনোনয়নের বিষয়ে উল্লেখ করা হয়েছে। সেইসাথে উল্লেখিত গাছগুলি বিধি মোতাবেক বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।</td>
<td>সভায় ৬নং নিজপাড়া ইউপি চেয়ারম্যানকে উক্ত কমিটির সদস্য হিসেবে মনোনয়ন এবং গাছগুলি উপজেলা পরিষদের অভ্যন্তরে চলাচলের রাস্তার উপর পড়েযাওয়ায় জনসাধারণের চলাচলের অসুবিধা হওয়ায় গাছগুলি রাস্তার উপর হতে সরিয়ে সংরক্ষণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধসহ গাছগুলি বিধি মোতাবেক বিক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, বীরগঞ্জ, দিনাজপুর</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০৪/২৫

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ৪৬.৫৫.২৭১২.০০১.১২.০০১.২৫-১২

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ / ২৩ এপ্রিল ২০২৫

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
৭। প্রশাসক, বীরগঞ্জ পৌরসভা, দিনাজপুর।
৮। উপজেলা ............................................................ কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
৯। চেয়ারম্যান ........ নং ................................... ইউনিয়ন পরিষদ (সকল), বীরগঞ্জ, দিনাজপুর।
১০। জনাব .............................................................................. বীরগঞ্জ, দিনাজপুর।
১১। অফিস নথি।

২৩।০৪।২৫
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd



CamScanner